একই স্মারক নং ও তারিখে স্থালাভিষিক্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এর ২০২১-২২ অর্থ বছরে এডিপিভুক্ত উন্নয়ন প্রকল্পসমূহের চলমান কার্যক্রমের সেপ্টেম্বর, ২০২১ মাসের বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত পর্যালোচনা সভার কার্যবিবরণীঃ

সভাপতি : মোঃ আতিকুল হক
মহাপরিচালক
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
তারিখ : ২৪ অক্টোবর, ২০২১ খ্রিঃ।
সময় : সকাল ১০:৩০টা।
স্থান : সম্মেলন কক্ষ।

উপস্থিত সদস্যদের তালিকা: পরিশিষ্ট 'ক'।

উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়করণ করা হয়। সভাপতি, উপস্থিত সকল প্রকল্প পরিচালকদের দৃষ্টি আকর্ষণ করে বলেন যে, প্রতিটি কাজের নথিতে চুক্তির সাথে ঠিকাদারের কর্মপরিকল্পনা থাকতে হবে। কোন কারণে কর্মপরিকল্পনা বাস্তবায়নে সমস্যা হলে সংশোধিত কর্মপরিকল্পনা অনুমোদন করিয়ে নিতে হবে।

০২। অতঃপর এডিপিভুক্ত উন্নয়ন প্রকল্পসমূহের অগ্রগতির বিষয়ে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

প্রকল্পের নাম ও বিবরণ	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১। Strengthening of the Ministry of Disaster Management & Relief (SoMDMRPA) Program Administration মেয়াদঃ ০১ আগস্ট ২০১৩ হতে ৩০ জুন ২০২৩। **মোট বরাদ্দ: ৩৫০০৮.০০ লক্ষ টাকা** **সেলিম আহমদ (উপসচিব)** **মোবাঃ ০১৭৪৯-৬৯৭৪৬৭** **প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)** মোবাঃ ০১৭৪৯-৬৯৭৪৬৭ asalim51@yahoo.com	প্রকল্প পরিচালক এর পক্ষে প্রকল্পের ফাইনান্সিয়াল কনসালটেন্ট সভাকে অবহিত করেন যে, চলতি অর্থবছরের এডিপিতে (লক্ষ টাকায়) **মোট: ৫৪৫০.০০** বরাদ্দ পাওয়া গিয়েছে। জিওবি ৫০.০০; প্র:সা: ৫৪০০.০০; সেপ্টেম্বর ২০২১ পর্যন্ত ব্যয় ৩৪৩.১৩; জিওবি ৯.৩১; প্র:সা: ৩৩৩.৮২ হার ৬.৩০%। সভাপতি বলেন, এ টু আই আদর্শ নেটওয়ার্ক স্থাপনের কাজে নিয়োজিত ঠিকাদার আগামী ২৭/১০/২০২১ তারিখের মধ্যে কাজ শুরু না করলে তার কার্যাদেশ বাতিল করত জামানত বাজেয়াপ্ত করে রি-টেন্ডার করতে হবে। এছাড়া দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের মাঠ পর্যায়ের কাজে মটর সাইকেল এর প্রয়োজনীয়তা উল্লেখ করে ক্রয়ের অনুমোদন প্রদানের জন্য বিশ্বব্যাংক-কে পুনর্গঠিত পত্র প্রেরণ করতে হবে।	১। এ টু আই আদর্শ নেটওয়ার্ক স্থাপনের কাজে নিয়োজিত ঠিকাদার আগামী ২৭/১০/২০২১ তারিখের মধ্যে কাজ শুরু না করলে তার কার্যাদেশ বাতিল করত জামানত বাজেয়াপ্ত করে রি-টেন্ডার করতে হবে। ২। দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের মাঠ পর্যায়ের কাজে মটর সাইকেল এর প্রয়োজনীয়তা উল্লেখ করে ক্রয়ের অনুমোদন প্রদানের জন্য বিশ্বব্যাংক-কে পুনর্গঠিত পত্র প্রেরণ করতে হবে।	প্রকল্প পরিচালক

প্রকল্পের নাম ও বিবরণ	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
২। উপকূলীয় ও ঘূর্ণিঝড় প্রবণ এলাকায় বহুমুখী ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র নির্মাণ প্রকল্প (২য় পর্যায়) মেয়াদঃ জুলাই ২০১৬ হতে জুন ২০২২ (সংশোধিত) **মোট বরাদ্দ: ৫৫৬০৬.৩১১ লক্ষ টাকা** **জনাব এস এম এনামুল কবির (যুগ্মসচিব), প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)** মোবাঃ ০১৭১১-৯৬৬০১৯ pd.mcs2.ddm@gmail.com	প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, চলতি অর্থবছরের এডিপিতে (লক্ষ টাকায়) **মোট: ১.০০** বরাদ্দ পাওয়া গিয়েছে। জিওবি ১.০০; সেপ্টেম্বর ২০২১ পর্যন্ত ব্যয় ০.০০; হার ০.০০%। প্রকল্প বাস্তবায়নে প্রয়োজনীয় বাজেটের সংকট রয়েছে। সভাপতি বলেন, পরিকল্পনা কমিশনের সবুজ পাতায় ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র প্রকল্প (৩য় পর্যায়) অন্তর্ভুক্তির স্বার্থে ডিসেম্বর ২০২১ এর মধ্যে বর্তমান প্রকল্পের সকল কাজ শেষ করতে হবে। তিনি বলেন, প্রকল্পের প্রকৌশলীরা সরেজমিনে পরিদর্শন করে সন্তোষজনক রিপোর্ট না দেয়া পর্যন্ত সমাপ্ত প্রকল্পগুলোর জামানত ফেরত দেয়া যাবেনা। আরডিপিপিতে প্রকল্প বাস্তবায়নে জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তাদের ভূমিকার উল্লেখ করতে হবে।	১। ডিসেম্বর ২০২১ এর মধ্যে প্রকল্পের সকল কাজ শেষ করতে হবে। ২। প্রকল্পের প্রকৌশলীরা সরেজমিনে পরিদর্শন করে সন্তোষজনক রিপোর্ট না দেয়া পর্যন্ত সমাপ্ত প্রকল্পগুলোর জামানত ফেরত দেয়া যাবেনা। ৩। আরডিপিপিতে প্রকল্প বাস্তবায়নে জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তাদের ভূমিকার উল্লেখ করতে হবে।	প্রকল্প পরিচালক।
৩। আরবান রেজিলিয়েন্স প্রকল্পঃ ডিডিএম অংশ মেয়াদঃ জুলাই ২০১৫ থেকে এপ্রিল ২০২২। **মোট বরাদ্দ: ১২৫১৫.০০ লক্ষ টাকা** **জনাব মোঃ আব্দুল মান্নান** **(উপ-সচিব), প্রকল্প পরিচালক** মোবাইল: ০১৯২৩৬৩৭৮৩৯, urban.ddm2022@gmail.com	প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, চলতি অর্থবছরের এডিপিতে (লক্ষ টাকায়) **মোট: ৫০০০.০০** বরাদ্দ পাওয়া গিয়েছে। জিওবি ২৮০.০০, প্র:সা: ৪৭২০.০০; সেপ্টেম্বর ২০২১ পর্যন্ত ব্যয় জিওবি ৩৩.৭১, প্র:সা: ২৪.৭৫ মোট: ৫৮.৪৬; হার ১.১৭%। প্রকল্পের মেয়াদ অক্টোবর, ২০২৩ পর্যন্ত বৃদ্ধি প্রক্রিয়াধীন রয়েছে। টিইডি কর্মসূচি পূণরায় চালুর নিমিত্ত ToR তৈরি করা হয়েছে; সম্মতির জন্য তা UNDP-র নিকট প্রেরণ করা হবে। ডিডিএম ভবনের বিদ্যুতের ওয়্যারিং এর জন্য World Bank এর সম্মতি পাওয়া গিয়েছে। এ বিষয়গুলো অন্তর্ভূক্ত করে আরডিপিপি প্রণয়নের কাজ অব্যাহত রয়েছে। সভাপতি বলেন, সংশ্লিষ্ট UN Agency গুলোর সম্মতি নিয়ে যথাদ্রুত আরডিপিপি অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে প্রেরণে করতে হবে।	১। সংশ্লিষ্ট UN Agency গুলোর সম্মতি নিয়ে দ্রুত আরডিপিপি অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে প্রেরণে করতে হবে। ২। এপ্রিল, ২০২২ এর পূর্বেই APAর নির্ধারিত লক্ষ্য পূরণ করতে হবে।	প্রকল্প পরিচালক।
৪। বন্যাপ্রবণ ও নদী ভাঙ্গন এলাকায় বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ (৩য় পর্যায়) মোট বরাদ্দ: ১৫০৭৪৩.০০ লক্ষ টাকা মেয়াদ: জুলাই ২০১৮ হতে জুন ২০২২	প্রকল্প পরিচালক এর পক্ষে উপ-প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, চলতি অর্থবছরের এডিপিতে (লক্ষ টাকায়) **মোট: ৩৮৫০০.০০** বরাদ্দ পাওয়া গিয়েছে।	১। ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ ০১ (এক) বছর বৃদ্ধি অনুমোদনের বিষয়ে আইএমইডির সাথে	প্রকল্প পরিচালক।

প্রকল্পের নাম ও বিবরণ	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন কারী কর্তৃপক্ষ
জনাব মোঃ তাসারফ হোসেন ফরাজী (যুগ্ম সচিব) **প্রকল্প পরিচালক** মোবাঃ ০১৭৫৫৯৫৪৭৪৩ pdfloodshelter3@ddm.gov.bd	জিওবি **৩৮৫০০.০০**; সেপ্টেম্বর ২০২১ পর্যন্ত ব্যয় ৬৪৯৪.৬৯; হার ১৬.৮৭%। প্রকল্পের মেয়াদ ০১ (এক) বছর বৃদ্ধির জন্য পরিকল্পনা কমিশনে প্রেরিত পত্রের প্রেক্ষিতে আইএমইডি কর্তৃক পরিদর্শন সম্পন্ন হয়েছে। তিনি আরো বলেন, গফরগাঁও, হাইমচর ও রায়পুরের বন্যা আশ্রয়কেন্দ্রের সাইট পরিবর্তন এর বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য ২৬/১০/২০২১ তারিখে PIC সভা আহ্বান করা হয়েছে। সভাপতি বলেন, যেসব সাইটে কাজ শুরু হয়নি সেসব সাইটের ঠিকাদারদের ০৭(সাত) দিনের নোটিশ দিয়ে জামানত বাজেয়াপ্ত করে নতুন ঠিকাদার নিয়োগ করতে হবে।	যোগাযোগ রাখতে হবে।	
৫। Disaster Risk Management Enhancement Project(Component 2 &3) (Funded by JICA) মেয়াদঃ এপ্রিল ২০১৭ হতে জুন ২০২১ মোট বরাদ্দ: ৬২০২২.০০ লক্ষ টাকা **জনাব সুব্রত পাল চৌধুরী** (যুগ্ম-সচিব) **প্রকল্প পরিচালক** মোবাইল : ০১৭১৫-১৩৭৭১১ subrata.5766@yahoo.com	প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, চলতি অর্থবছরের এডিপিতে (লক্ষ টাকায়) **মোট: ২০৬০০.০০** বরাদ্দ পাওয়া গিয়েছে। জিওবি ৩২০০.০০; প্র:সা: ১৭৪০০.০০; সেপ্টেম্বর ২০২১ পর্যন্ত ব্যয় জিওবি ২২.১২; প্র:সা: ০.০০; হার ০.১১%। প্রকল্পের Guideline ও Manual প্রস্তুত করা হয়েছে। এ বিষয়ে JICAর সম্মতির নেয়ার পর Revised DPP চুড়ান্ত করা হবে। তিনি বলেন, প্রকল্পের কাজের Quality Control Planও JICAর সম্মতির জন্য প্রেরণ করা হবে। সভাপতি বলেন, DPP Rivision এর প্রক্রিয়া দ্রুত এগিয়ে নিতে হবে।	১। DPP Revision এর প্রক্রিয়া দ্রুত এগিয়ে নিতে হবে। ২। এপ্রিল, ২০২২ এর পূর্বেই APAর নির্ধারিত লক্ষ্য পূরণ করতে হবে। মাঠ পর্যায়ে পরিদর্শনের সময় নিজ প্রকল্পের পাশাপাশি অন্য প্রকল্পের কাজ পরিদর্শন করতে হবে এবং রিপোর্ট এর কপি APA Focal Pointএর নিকট পাঠাতে হবে।	প্রকল্প পরিচালক।

প্রকল্পের নাম ও বিবরণ	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন কারী কর্তৃপক্ষ
৬। জেলা ত্রাণ গুদাম কাম দুর্যোগ ব্যবস্থাপনা তথ্য কেন্দ্র নির্মাণ প্রকল্প। মেয়াদঃ জানুয়ারি ২০১৮ হতে ডিসেম্বর ২০২০ মোট বরাদ্দ: ১২৭৪১.০০ লক্ষ টাকা **প্রকল্প পরিচালক:** **জনাব নিশ্চিন্ত কুমার পোদ্দার (যুগ্ম-সচিব) পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) (অতিরিক্ত দায়িত্ব)** **মোবাঃ ০১৬৮৭৩৮৩৮২২** poddernishchinta@gmail.com	প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, চলতি অর্থবছরের এডিপিতে (লক্ষ টাকায়) **মোট: ৫০০০.০০** বরাদ্দ পাওয়া গিয়েছে। জিওবি **৫০০০.০০**; সেপ্টেম্বর ২০২১ পর্যন্ত ব্যয় ৪৬০.২৩; হার ৯.২০%। নরসিংদী জেলায় পিডিবির বৈদ্যুতিক লাইন সংক্রান্ত জটিলতা কেটে যাওয়ায় শীঘ্রই ভিত্তিপ্রস্তর স্থাপন করা যাবে। রাঙ্গামাটিসহ বেশ কয়েকটি জেলার কাজে দুই-একটি ছোট-খাট অসর্ম্পুর্ণতা রয়েছে যা পুরণ করে বিল পরিশোধ করা সম্ভব হবে। সভাপতি বলেন, প্রকল্পের অগ্রগতি সন্তোষজনক পর্যায়ে বৃদ্ধি করতে হবে। সরজমিনে পরিদর্শন করে সন্তোষজনক রিপোর্টের ভিত্তিতে ঠিকাদারদের বিল পরিশোধ করতে হবে।	১। প্রকল্পের অগ্রগতি সন্তোষজনক পর্যায়ে বৃদ্ধি করতে হবে। ২। সরজমিনে পরিদর্শন করে সন্তোষজনক রিপোর্টের ভিত্তিতে ঠিকাদারদের বিল পরিশোধ করতে হবে।	প্রকল্প পরিচালক।
৭। National Resilience Programme (Department of Disaster Management Part) মেয়াদঃ জানুয়ারি ২০১৮ হতে মার্চ ২০২১ মোট বরাদ্দ : ৩০১৮.১৩ লক্ষ টাকা **জনাব আবু সালেহ মোঃ মহিউদ্দিন খাঁ (উপসচিব) প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)** **মোবাঃ ০১৭১৫-০০১৫০৫** mohiuddin2001@yahoo.com	প্রকল্প পরিচালক এর প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, চলতি অর্থবছরের এডিপিতে (লক্ষ টাকায়) **মোট: ৫৬৪.০০** বরাদ্দ পাওয়া গিয়েছে। জিওবি ৩৩.০০; প্র:সা: ৫৩১.০০; সেপ্টেম্বর ২০২১ পর্যন্ত ব্যয় জিওবি ২.২১, প্র:সা: ১৭০.৪৭ মোট: ১৭২.৬৮; হার ৩০.৬২%। প্রকল্পের মেয়াদ বৃদ্ধি ও এর ২য় পর্যায় প্রণয়নের প্রস্তাবনা তৈরির ক্ষেত্রে প্রকল্পের স্টিয়ারিং কমিটির সিদ্ধান্ত অনুসারে পদক্ষেপ নেয়া হবে।	১। প্রকল্পের স্টিয়ারিং কমিটির সিদ্ধান্ত অনুসারে প্রকল্পের মেয়াদ বৃদ্ধি ও ২য় পর্যায়ের প্রস্তাব প্রণয়ন কার্যক্রম গ্রহণ করতে হবে। ২। এপ্রিল, ২০২২ এর পূর্বেই APAর নির্ধারিত লক্ষ্য পূরণ করতে হবে। মাঠ পর্যায়ে পরিদর্শনের সময় নিজ প্রকল্পের পাশাপাশি অন্য প্রকল্পের কাজ পরিদর্শন করতে হবে এবং রিপোর্ট এর কপি APA Focal Pointএর নিকট পাঠাতে হবে।	প্রকল্প পরিচালক।

প্রকল্পের নাম ও বিবরণ	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন কারী কর্তৃপক্ষ
৮। মুজিব কিল্লা নির্মাণ, সংস্কার ও উন্নয়ন প্রকল্প মেয়াদঃ জুলাই, ২০১৮ হতে ডিসেম্বর ২০২১, পর্যন্ত। মোট বরাদ্দ ১৯৫৭৪৯.০০ লক্ষ টাকা জনাব মোঃ জানে আলম (যুগ্ম-সচিব) প্রকল্প পরিচালক মোবাইল : ০১৭২৬-৯৫৫৫২২ pd.mujibkilla@ddm.gov.bd	প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, চলতি অর্থবছরের এডিপিতে (লক্ষ টাকায়) **মোট: ৩০০০০**.০০ বরাদ্দ পাওয়া গিয়েছে। জিওবি **৩০০০০**.০০; সেপ্টেম্বর ২০২১ পর্যন্ত ব্যয় ২৪০৮.৭২; হার ৮.০৩%। প্রকল্পের অগ্রগতি সন্তোষজনক না হওয়ার বিষয়ে সভাপতি জানতে চান। প্রকল্প পরিচালক বলেন, কোভিড মহামারিজনিত কারণে মাঠ পর্যায়ে কাজের গতি কমে যাওয়ায় প্রকল্পের অগ্রগতি কম হয়েছে। সভাপতি কোন কোন জেলায় কী কী কাজ চলমান রয়েছে তার তালিকা তাঁর বরাবর প্রেরণের জন্য প্রকল্প পরিচালককে নির্দেশনা প্রদান করেন। সমাপ্ত মুজিব কিল্লাগুলোর সুষ্ঠু ব্যবহারের স্বার্থে নীতিমালার খসড়া চুড়ান্ত করে অনুমোদনের জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ে পাঠাতে এবং মুজিব কিল্লার নামজারীর বিষয়েও তিনি নির্দেশনা প্রদান করেন। চলতি অর্থ বছরে প্রকল্পে বরাদ্দকৃত সমূদয় টাকা ব্যয়ের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য তিনি প্রকল্প পরিচালককে নির্দেশনা প্রদান করেন।	১। কোন কোন জেলায় কী কী কাজ চলমান রয়েছে তার তালিকা প্রেরণ করতে হবে। ২। সমাপ্ত মুজিব কিল্লাগুলোর সুষ্ঠু ব্যবহারের স্বার্থে নীতিমালার খসড়া চুড়ান্ত করে অনুমোদনের জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ে পাঠাতে হবে। ৩। চলতি অর্থ বছরে প্রকল্পে বরাদ্দকৃত সমূদয় টাকা ব্যয়ের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।	প্রকল্প পরিচালক।
৯। গ্রামীণ মাটির রাস্তাসমূহ টেকসই করণের লক্ষ্যে হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ (২য় পর্যায়) প্রকল্প **মেয়াদঃ জানুয়ারী ২০১৯ হতে জুন ২০২২** **বরাদ্দ: ৩৩৪৭২৩.৭২ লক্ষ টাকা** **জনাব দীপক রঞ্জন অধিকারী** **প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)** **মোবাঃ ০১৭১৮-৬৫৬১৬৬** dipakad5775@gmail.com	প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, চলতি অর্থবছরের এডিপিতে (লক্ষ টাকায়) **মোট: ৫৭৯৯৬**.০০ বরাদ্দ পাওয়া গিয়েছে। জিওবি **৫৭৯৯৬**.০০; সেপ্টেম্বর ২০২১ পর্যন্ত ব্যয় ১৪২৮৩.৬৯; হার ২৪.৬৩%। সভাপতি বলেন, প্রকল্পের রেইট শিডিউল পরিবর্তনসহ প্রয়োজনীয় সংশোধনী অন্তর্ভূক্ত করে আরডিপিপি অনুমোদনের নিমিত্ত মন্ত্রণালয়ের ডিপিইসি সভায় উপস্থাপন করতে হবে।	১। প্রয়োজনীয় সংশোধনী অন্তর্ভূক্ত করে আরডিপিপি অনুমোদনের নিমিত্ত মন্ত্রণালয়ের ডিপিইসি সভায় উপস্থাপন করতে হবে। ২। এপ্রিল, ২০২২ এর পূর্বেই APAর নির্ধারিত লক্ষ্য পূরণ করতে হবে। মাঠ পর্যায়ে পরিদর্শনের সময় নিজ প্রকল্পের পাশাপাশি অন্য প্রকল্পের কাজ পরিদর্শন করতে হবে এবং রিপোর্ট এর কপি APA Focal Pointএর নিকট পাঠাতে হবে।	প্রকল্প পরিচালক।
১০। গ্রামীণ রাস্তায় ১৫ মিঃ দৈর্ঘ্য পর্যন্ত সেতু/কালভার্ট নির্মাণ" প্রকল্প। মেয়াদ: জানুয়ারী ২০১৯ হতে জুন, ২০২২ পর্যন্ত। **মোট বরাদ্দ: ৬৫৭৮২০.০০ লক্ষ টাকা** **জনাব মোঃ রাশেদুল হাসান** **(যুগ্ম সচিব), প্রকল্প পরিচালক (অতিরিক্ত**	প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, চলতি অর্থবছরের এডিপিতে (লক্ষ টাকায়) **মোট: ৩৫০০০**.০০ বরাদ্দ পাওয়া গিয়েছে। জিওবি **৫৭৯৯৬**.০০; সেপ্টেম্বর ২০২১ পর্যন্ত ব্যয় ১৯০৭.৬১; হার ৫.৪৫%। সভাপতি বলেন, প্রকল্পের অগ্রগতি সন্তোষজনক নয়। প্রকল্প পরিচালক বলেন,	১। সরেজমিনে পরিদর্শন প্রতিবেদনের ভিত্তিতে ব্রীজের সমাপ্ত কাজের বিল পরিশোধর মাধ্যমে প্রকল্পের অগ্রগতি বৃদ্ধি করতে হবে যাতে বরাদ্দকৃত টাকা শতভাগ ব্যয় করা যায়।	প্রকল্প পরিচালক।

প্রকল্পের নাম ও বিবরণ	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন কারী কর্তৃপক্ষ
দায়িত্ব) মোবাঃ ০১৭১৫৬-৯১৯৯৮ dadmin@ddm.gov.bd	প্রকৌশলীরা সরেজমিনে সন্তোষজনক প্রতিবেদন না দেয়াতে বিল পরিশোধ করা যাচ্ছে না। সভাপতি বলেন, সরেজমিনে প্রতিবেদনের ভিত্তিতে সমাপ্ত ব্রীজের বিল পরিশোধ মাধ্যমে প্রকল্পের অগ্রগতি বৃদ্ধি করতে হবে যাতে বরাদ্দকৃত টাকা শতভাগ ব্যয় করা যায়। তিনি বলেন, প্রকল্পের টেন্ডার প্রক্রিয়ায় অধিকতর স্বচ্ছতা আনয়নের স্বার্থে আরডিপিপিতে LTM পদ্ধতিতে ই-জিপি পদ্ধতি অন্তর্ভূক্ত করা যেতে পারে।	২। প্রকল্পের টেন্ডার প্রক্রিয়ায় অধিকতর স্বচ্ছতা আনয়নের স্বার্থে আরডিপিপিতে LTM পদ্ধতিতে ই-জিপি পদ্ধতি অন্তর্ভূক্ত করা যেতে পারে।	
১১। "ভূমিকম্প ও অন্যান্য দুর্যোগকালে অনুসন্ধান, **উদ্ধার অভিযান পরিচালনা এবং জরুরি যোগাযোগের জন্য যন্ত্রপাতি সংগ্রহ প্রকল্প (৩য় পর্যায়)"** **মোট বরাদ্দ: ২২৭৫৯৯.১০ লক্ষ টাকা** **জনাব মোঃ ওয়াহিদুল ইসলাম** **(যুগ্ম সচিব), প্রকল্প পরিচালক** মোবাঃ ০১৭৩২৪-৪২৩৬০ wahidulislam66@gmail.com	প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, চলতি অর্থবছরের এডিপিতে (লক্ষ টাকায়) **মোট: ১৫০০০**.০০ বরাদ্দ পাওয়া গিয়েছে। জিওবি **১৫০০০**.০০; সেপ্টেম্বর ২০২১ পর্যন্ত ব্যয় ২৩.৪৮; হার ০.১৬%। প্রকল্পটি নতুন প্রকল্প হিসেবে চলমান রয়েছে। সভাপতি বলেন, প্রকল্পের গাড়ী ভাড়ার প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করতে হবে।	১। প্রকল্পের গাড়ী ভাড়ার প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করতে হবে। ২। এপ্রিল, ২০২২ এর পূর্বেই APAর নির্ধারিত লক্ষ্য পূরণ করতে হবে। মাঠ পর্যায়ে পরিদর্শনের সময় নিজ প্রকল্পের পাশাপাশি অন্য প্রকল্পের কাজ পরিদর্শন করতে হবে এবং রিপোর্ট এর কপি APA Focal Pointএর নিকট পাঠাতে হবে।	প্রকল্প পরিচালক।

০৩। ২০২০-২১ অর্থ বছরের দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের বরাদ্দবিহীন অননুমোদিত নতুন প্রকল্প তালিকাঃ

ক্র/নং	প্রকল্পের নাম	প্রকল্পের ক্রমিক নং	প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়)	অগ্রগতি/মন্তব্য
০১।	বজ্রপাতের ফলে সৃষ্ট প্রাণহানী থেকে জনগণকে সুরক্ষা প্রদানের জন্য দেশব্যাপী বজ্রনিরোধক কাঠামো স্থাপন প্রকল্প (জুলাই ২০২১-জুন ২০২৪)	৩৫৪	৪৪৭০০.০০	গত ০৪/০৯/২০২১ তারিখে প্রকল্পের ডিপিপি প্রণয়ন বিষয়ে একটি কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।
০২।	বহুমুখী উদ্ধার ও অনুসন্ধান কাজের লক্ষ্যে নৌযান সংগ্রহ, পরিচালনা ও রক্ষণাবেক্ষণ ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র নির্মাণ (৩য় পর্যায়) (জানুয়ারী ২০২১-ডিসেম্বর ২০২৪)	৩৫৫	২৯৯৫.০০	পরিকল্পনা কমিশন হতে পর্যালোচনাসহ ডিপিপিটি ফেরত আসার প্রেক্ষিতে প্রকল্পের যৌক্তিকতা উল্লেখ করে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।

০৪। ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে বৈদেশিক সাহায্য প্রাপ্তির সুবিধার্থে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের বরাদ্দবিহীন অননুমোদিত নতুন প্রকল্প তালিকা নিয়ে আলোচনা হয়:

ক্র/নং	প্রকল্পের নাম	প্রকল্পের ক্রমিক নং	প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়)	অগ্রগতি/মন্তব্য
০১।	হাওর ঝুঁকি ব্যবস্থাপনা প্রকল্প (জুলাই ২০২১-জুন ২০২৪)	১০৬	১৬৬৬৪৪.০০	গত ২৩/০৮/২০২১ তারিখে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ে প্রকল্পের যাচাই কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে এবং সভার সিদ্ধান্ত অনুযায়ী ডিপিপি পুনর্গঠনের কাজ প্রক্রিয়াধীন রয়েছে।

০৫। আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ আতিকুল হক)
মহাপরিচালক
ফোনঃ ৮৮৩৫৪৯৫
dg@ddm.gov.bd

স্মারক নং-৫১.০১.০০০০.০৩১.০৬.০০২.২০(অংশ-১).৬৭৮ তারিখঃ২৭ অক্টোবর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন/ প্রশাসন), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

৩। প্রকল্প পরিচালক, বন্যাপ্রবণ ও নদী ভাঙ্গন এলাকায় বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ (৩য় পর্যায়), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

৪। প্রকল্প পরিচালক, Strengthening of the Ministry of Disaster Management & Relief (SoMoDMR) Program Administration, ভেঞ্চার টাওয়ার, মহাখালী, ঢাকা।

৫। প্রকল্প পরিচালক, জেলা ত্রাণ গুদাম কাম দুর্যোগ ব্যবস্থাপনা তথ্য কেন্দ্র নির্মাণ প্রকল্প, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

৬। প্রকল্প পরিচালক, মুজিব কিল্লা নির্মাণ প্রকল্প, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

৭। প্রকল্প পরিচালক, Disaster Risk Management Enhancement Project (Funded by JICA), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

৮। প্রকল্প পরিচালক, আরবান রেজিলিয়েন্স প্রকল্পঃ ডিডিএম পার্ট, ডিওএইচএস, মহাখালী, ঢাকা।

৯। প্রকল্প পরিচালক, Construction of multipurpose Cyclone Shelters in the coastal belt of Bangladesh (2nd Phase), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

১০। প্রকল্প পরিচালক, গ্রামীণ রাস্তায় ১৫ মিঃ দৈর্ঘ্য পর্যন্ত সেতু/কালভার্ট নির্মাণ" প্রকল্প, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

১১। প্রকল্প পরিচালক, গ্রামীণ মাটির রাস্তাসমূহ টেকসই করণের লক্ষ্যে হেরিং বোনবন্ড (এইচবিবি) করণ (২য় পর্যায়) প্রকল্প, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

১২। প্রকল্প পরিচালক, National Resilience Programme (Department of Disaster Management Part), ডিওএইচএস, মহাখালী, ঢাকা।

১৩। প্রোগামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

১৪। জনাব .....

১৭। মহাপরিচালক এর ব্যক্তিগত সহকারী, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

(মোহাম্মদ হারুন অর রশিদ) ২৫/১০/২০২১
(উপসচিব)
উপপরিচালক (পরিকল্পনা)
ফোনঃ ৯৮৫৯৬৩১
r.harun1986@gmail.com